

(প্রেস বিজ্ঞপ্তি)

০২ এপ্রিল ২০২২

চসিক ডায়ামাণ আদালতের
চাকতাই এলাকায় ভেজাল বিরোধী ও
কাল মিয়া বাজারে দ্রব্যমূল্য মনিটরিং অভিযান পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ শনিবার বিভিন্ন এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশ এবং যথাযথ স্বাস্থ্য বিধি অনুসরণ না করে নুডলস ও ম্যাকারনি উৎপাদন করার দায়ে চাকতাই আমিন হাজী রোড এলাকার হিফস এগ্রো ফুড প্রোডাক্ট এবং অস্বাস্থ্যকর, নোংরা পরিবেশে আইসক্রীম প্রস্তুত করার অপরাধে শাহ আমানত ফুড প্রোডাক্ট নামক দুটি প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়া হয়। একই অভিযানে পবিত্র রমজান মাসে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে বাকলিয়াস্থ কাল মিয়া বাজারে দ্রব্যমূল্য মনিটরিং ও মূল্য যাচাই বাচাই করা হয়। সে সময় ব্যবসা প্রতিষ্ঠানে মূল্যতালিকা না টাঙানো দায়ে চার দোকানদারের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩